



বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা।

স্মারক নং -ঢাকা বোর্ড/বিইডিইউ-সেসিপ/অনলাইন প্রশিক্ষণ/২০১৮/১৯/ ১৪০১

তারিখ : ৩০/০১/২০১৯ খ্রি.

বিষয় : নির্ভরযোগ্য নম্বর প্রদানের জন্য উত্তরপত্র মূল্যায়ন বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্সে মাধ্যমিক পর্যায়ের বাংলা ১ম পত্র, গণিত, পদার্থবিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের শিক্ষকগণের অংশগ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক পর্যায়ে নির্ভরযোগ্য উত্তরপত্র মূল্যায়ন বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্স চালু হয়েছে। এই প্রশিক্ষণ কোর্সটি মুক্তপাঠের ওয়েবসাইট (www.muktapath.gov.bd) এ আপলোড হয়েছে। এ অনলাইন প্রশিক্ষণ কোর্সে পরীক্ষার্থীর উত্তরপত্রে নম্বর প্রদানের কলাকৌশল সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়েছে। উত্তরপত্রে নির্ভরযোগ্য নম্বর প্রদানের লক্ষ্যে শিক্ষকগণের জন্য এই কলাকৌশলগুলো জানা বাধ্যতামূলক। সফলভাবে কোর্স সমাপ্ত করার পর অংশগ্রহণকারী শিক্ষক সার্টিফিকেট পাবেন যা স্ব স্ব বোর্ডের প্রধান পরীক্ষক/পরীক্ষক হওয়ার পূর্বশর্ত হিসেবে বিবেচিত হবে। সকল বিষয় সংশ্লিষ্ট শিক্ষকগণকে এই অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এখানে উল্লেখ্য যে, এই মূল্যে বাংলা ১ম পত্র এবং পদার্থবিজ্ঞান বিষয় দুটি মুক্তপাঠের ওয়েবসাইটে আপলোড হয়েছে। আগামী ০৭/০২/২০১৯ খ্রি. তারিখের মধ্যে অন্য তিনটি বিষয় (গণিত, বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং ফিন্যান্স ও ব্যাংকিং) মুক্তপাঠের ওয়েবসাইটে আপলোড হবে।



(প্রফেসর মু. জিয়াউল হক)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা।

ও

সভাপতি

বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি

ফোন : ৯৬১৫২৩৫

সদয় অবগতি/কার্যার্থে জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।
৪. যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম, শিক্ষাভবন, ঢাকা।
৫. চেয়ারম্যান, ঢাকা/ রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর ও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা।
৬. পরিচালক, প্রশিক্ষণ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।
৭. পরীক্ষা নিয়ন্ত্রক, ঢাকা/ রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর ও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, ঢাকা/ রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর ও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা। (নেটশিট স্ব স্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
৯. অধ্যক্ষ, টিটিসি, সকল।
১০. পরিচালক, এইচএসটিটিআই, সকল।
১১. আঞ্চলিক পরিচালক-ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর/কুমিল্লা/ময়মনসিংহ।
১২. জেলা শিক্ষা অফিসার, সকল।
১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল।
১৪. অফিস কপি